ঝিনাইদহে বেদে সম্প্রদায়ের মাঝে শীতবস্ত্র বিতরণ

ঝিনাইদহে বেদে সম্প্রদায়ের শীতার্তদের মাঝে পুলিশের পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। পুলিশের ঢাকা রেঞ্জের ডিআইজি হাবিবুর রহমানের সহযোগিতায় উত্তরণ ফাউন্ডেশনের পক্ষ থেকে এ শীতবস্ত্র বিতরণ করা হয়।

গতকাল মঙ্গলবার সকালে কালীগঞ্জ উপজেলার বেদে পল্লীতে অসহায় ৫ শতাধিক মানুষের মাঝে শীতবস্ত্র তুলে দেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম।

এ সময় উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাঁশার, কালীগঞ্জ প্রেস ক্লাবের সভাপতি জামির হোসেন, কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মুহাঃ মাহফুজুর রহমান মিয়া, ওসি তদন্ত মতলেবুর রহমান প্রমুখ।

ঝিনাইদহে জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালন

‘টেকসই উন্নয়ন সমৃদ্ধ দেশ, নিরাপদ খাদ্যের বাংলাদেশ’ এ স্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালিত হয়েছে।

ফুড সেফটি মুভমেন্ট নামের একটি সংগঠনের আয়োজনে গতকাল মঙ্গলবার সকালে শহরের উজির আলী স্কুল এন্ড কলেজ মাঠ থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে মুজিব চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তব্য রাখেন, খাদ্য অফিসার মোঃ রাসেল, ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান, ঝিনাইদহ ওয়াজির আলী স্কুল এন্ড কলেজের

অধ্যক্ষ হাবিবুর রহমান, জোহান এগ্রো ফুড ইন্ডাস্ট্রিজ এর ব্যবস্থাপনা পরিচালক মোয়াজ্জেম হোসেন, বিসিক মালিক সমিতির সাধারণ সম্পাদক নাজীম উদ্দিন জুলিয়াস, রাহেলা জুট ক্রাফ্ট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক শামীম আরা দীপা, ফুড সেফটি মুভমেন্ট এর সভাপতি নাসিম উদ্দিন, সিনিয়র সহ-সভাপতি রফিক আহমাদসহ অন্যান্যরা।

এ সময় বক্তারা বলেন, প্রতিটি জনগণের পাঁচটি মৌলিক অধিকারের একটি খাদ্যের অধিকার। কিন্তু এখনও নিরাপদ খাদ্য আমরা নিশ্চিত করতে পারিনি। তাই ভোক্তা পর্যায়ে নিরাপদ খাদ্য পৌঁছে দিতে উৎপাদনকারী, সরবরাহকারীসহ সকলকে কাজ করতে হবে।

শৈলকুপায় সড়ক দুর্ঘটনায় নিহত এক

শৈলকুপা উপজেলার ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের বড়দাহ মাদ্রাসা নামক স্থানে সড়ক দুর্ঘটনায় আরিফ শেখ (৬৫) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন।

নিহত ব্যক্তি শৈলকুপা উপজেলার ২ নং মির্জাপুর ইউনিয়নের রানীনগর গ্রামের বাসিন্দা। তিনি চড়িয়ারবিল মাধ্যমিক বিদ্যালয়ের দপ্তারির কাজ করেন।

স্থানীয় এলাকাবাসী সূত্রে জানা যায়, তিনি রাস্তা পার হচ্ছিলেন এমন সময় শ্যামলী পরিবহনের একটি গাড়ী এসে তাকে ধাক্কা দিয়ে চলে যায় এবং তিনি ঘটনাস্থলে নিহত হন।

শৈলকুপা থানা অফিসার ইনচার্জ জাহাঙ্গীর আলম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন

দক্ষিণ এশিয়ায় শীর্ষ গবেষণা সংস্থা ব্রি

যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়া বিশ্ববিদ্যালয়ের লডার ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত গ্লোভাল থিঙ্ক ট্যাঙ্কস জরিপে খাদ্য নিরাপত্তা ও এ সংক্রান্ত নীতি প্রণয়ন নিয়ে গবেষণাকারী দক্ষিণ এশিয়ার গবেষণা প্রতিষ্ঠানগুলোর মধ্যে শীর্ষ অবস্থান অর্জন করেছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)। গত বছরও ব্রি একই ক্যাটাগরিতে শীর্ষ স্থানে ছিল।

সারাবিশ্বে খাদ্য নিরাপত্তা নিয়ে কাজ করে এমন ৬৮টি গবেষণা ও নীতি নির্ধারক প্রতিষ্ঠানের মধ্যে পরিচালিত এই জরিপে ব্রি দক্ষিণ এশিয়ায় শীর্ষে এবং সারা বিশ্বে ১৬তম অবস্থানে রয়েছে। একই তালিকায় ভারতের ইন্টারন্যাশনাল ক্রপ রিসার্চ ইনস্টিটিউট ফর সেমি এরিড ট্রপিক (আইসিআরআইএসএটি) ২৯তম, বাংলাদেশের সিপিডির অবস্থান একই বিভাগে ৩৫তম এবং ফিলিপাইনে অবস্থিত আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি) ২৯তম স্থানে রয়েছে।

গত ২৮ জানুয়ারি পেনসিলভেনিয়া বিশ্ববিদ্যালয়ের থিঙ্ক ট্যাঙ্কস অ্যান্ড সিভিল সোসাইটি প্রোগ্রাম (টিটিসিএসপি) এই গবেষণার ফলাফল প্রকাশ করে।

পেনসিলভেনিয়া বিশ্ববিদ্যালয়ের লডার ইনস্টিটিউটের থিঙ্ক ট্যাঙ্কস এবং সিভিল সোসাইটি প্রোগ্রাম (টিটিসিএসপি) বিশ্বব্যাপী সরকার এবং নাগরিক নীতিমালা প্রতিষ্ঠানের ভূমিকা নিয়ে গবেষণা পরিচালনা করে। ২০০৬ সালে সূচকটি চালু হওয়ার পরে গ্লোভাল থিঙ্ক ট্যাঙ্কস সূচক বা জিজিটিটিআইয়ের ১৫তম গবেষণা প্রতিবেদন এটি।

প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশে ব্রিসহ ৪৬টি থিঙ্ক ট্যাঙ্কস রয়েছে যারা খাদ্য ও এ সংক্রান্ত নীতি প্রণয়ন নিয়ে কাজ করে। এটি সারা বিশ্বে ১৭৯৬ টিরও বেশি শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া, একাডেমিয়া, সরকারি ও বেসরকারি দাতাপ্রতিষ্ঠান এবং বিশেষজ্ঞদের সাহায্যে এই গবেষণা কার্যক্রমটি পরিচালনা করে।

জিজিটিটিআই ইনডেক্সে ২০২০ সালে ১৮টি ক্যাটাগরিতে বিশ্বব্যাপী ১৭৪টি প্রতিষ্ঠানকে শীর্ষস্থানীয় থিঙ্ক ট্যাঙ্কস হিসাবে নির্বাচন

করা হয়েছে। দক্ষিণ এবং দক্ষিণ-পূর্ব এশিয়া এবং প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ব্রি ৬৮টি খাদ্য সুরক্ষা ও নীতি গবেষণা সংস্থার মধ্যে ১৬তম অবস্থানে উঠে এসেছে।

নিরাপদ খাদ্য দিবস আজ

জাতীয় নিরাপদ খাদ্য দিবস আজ মঙ্গলবার (২ ফেব্রুয়ারি)। দিবসটিতে এবারের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে ‘টেকসই উন্নয়ন-সমৃদ্ধ দেশ, নিরাপদ খাদ্যের বাংলাদেশ’।

জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালনের মূল লক্ষ্য হচ্ছে নিরাপদ খাদ্য আইন-২০১৩ বাস্তবায়নের মাধ্যমে মানুষের জীবন ও স্বাস্থ্য সুরক্ষার জন্য নিরাপদ খাদ্যপ্রাপ্তির অধিকার নিশ্চিত করা।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (বিএফএসএ) কার্যক্রম সর্বসাধারণকে অবহিতকরণ এবং নিরাপদ খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুত, সরবরাহ, বিপণন ও বিক্রয় সংশ্লিষ্ট কার্যক্রম বিষয়ে সর্বস্তরে জনসচেতন বৃদ্ধিই এ দিবসের প্রধান লক্ষ্য।

প্রতিবছরের ২ ফেব্রুয়ারি দিবসটি উপলক্ষে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ দেশব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করে। এবারও সারা দেশের জেলাগুলোতে আলোচনা সভা ও র্যালি হবে। তবে রাজধানীতে মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ১৮ ফেব্রুয়ারি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়ালি ওই অনুষ্ঠানে যুক্ত থাকবেন বলে জানিয়েছে বিএফএসএ।

২০১৮ সালে দেশে প্রথমবারের মতো পালিত হয় নিরাপদ খাদ্য দিবস। ওই বছর সব শ্রেণি-পেশার মানুষকে নিরাপদ খাদ্যের বিষয়ে সচেতন করে তোলার অংশ হিসেবে ২ ফেব্রুয়ারিকে জাতীয় নিরাপদ খাদ্য দিবস হিসেবে ঘোষণা করা হয়েছে। বিএফএসএ’র প্রতিষ্ঠার দিনটিকেই এই দিবস হিসেবে ঘোষণা করা হয়েছে।

বাংলাদেশে আসছে দক্ষিণ আফ্রিকা ইমার্জিং নারী দল

বিশ্বজুড়ে তাণ্ডব চালাচ্ছে করোনাভাইরাস। এর প্রভাব পড়েছে ক্রীড়া জগতেও। করোনার দীর্ঘ বিরতির পর অবশেষে মাঠে নামছে বাংলাদেশ নারী দল। ওয়ানডে সিরিজ খেলতে বাংলাদেশ সফরে আসছে দক্ষিণ আফ্রিকা ইমার্জিং নারী দল।

দক্ষিণ আফ্রিকার উঠতি ক্রিকেটারদের দলটি আগামী এপ্রিলে পাঁচ ম্যাচের একদিনের সিরিজে বাংলাদেশ ইমার্জিং নারী দলের মুখোমুখি হবে। তবে প্রোটিয়াদের এই দলে জাতীয় দলের তরুণ কয়েকজনকে দেখা যেতে পারে।

গত মার্চে সবশেষ বাংলাদেশ নারী দল মাঠে নেমেছিল। অস্ট্রেলিয়ায় হওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপে শ্রীলঙ্কার বিপক্ষে। আর ইমার্জিং নারী দলের সবশেষ ম্যাচ ২০১৯ সালের অক্টোবরে, এশিয়ান ইমার্জিং কাপে।
আগামী ৪, ৬, ৮, ১১ ও ১৩ এপ্রিল সিরিজের পাঁচটি ম্যাচ হবে। সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে গড়াবে প্রতিটি ম্যাচ।

মিয়ানমারের সেনা অভ্যুত্থান নিয়ে জরুরি বৈঠকে বসছে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ

মিয়ানমারের সেনা অভ্যুত্থান নিয়ে জরুরি বৈঠকে বসতে যাচ্ছে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ। আজ মঙ্গলবারই এই বৈঠক অনুষ্ঠিত হবে।

পাহাড়ি দেশটিতে সেনা অভ্যুত্থানের ঘটনাকে গণতন্ত্রের ওপর ‘ভীষণ

আঘাত’ বলে মন্তব্য করেছেন জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস।

জাতিসংঘে ব্রিটেনের দূত বারবারা উডওয়ার্ড সাফ জানিয়েছেন, গত নভেম্বর মাসে মিয়ানমারে অনুষ্ঠিত নির্বাচনের ফলাফলকে বৈধ হিসেবে গণ্য করা হবে। নেত্রী সু চি’র দ্রুত মুক্তির জন্য চেষ্টা করবে লন্ডন।

জাতিসংঘের প্রতিনিধি স্টেফানি দুজারিক জানিয়েছেন, ফোন ও ইন্টারনেট পরিষেবা বন্ধ থাকায় মিয়ানমারের রাজধানী নাইপিদাওয়ে থাকা কর্মকর্তাদের সঙ্গে কোনও যোগাযোগ করা যাচ্ছে না। এই অভ্যুত্থানের ফলে রাখাইন প্রদেশে থাকা রোহিঙ্গাদের জীবন আরও কঠিন হয়ে উঠবে।

উল্লেখ্য, সোমবার মিয়ানমারের শাসকদল ‘ন্যাশনাল লিগ অব ডেমোক্র্যাটিক পার্ট (এনএলডি)-এর মুখপাত্র মায়ও নায়ান্ট জানান, আচমকা কাউন্সিলর সু চি, প্রেসিডেন্ট উইন মিন্ট ও অন্য নেতাদের আটক করে সেনাবাহিনী।

প্রসঙ্গত, গত বছরের নভেম্বরে বিরোধীদের পরাজিত করে ক্ষমতায় ফেরে আং সান সু চি’র দল এনএলডি। মিয়ানমার সংসদের নিন্মকক্ষের ৪২৫টি আসনের মধ্যে ৩৪৬টিতে জয়ী হয় তারা। কিন্তু, রোহিঙ্গা ইস্যু থেকে শুরু করে একাধিক বিষয়ে বিগত দিনে সেনাবাহিনীর সঙ্গে দূরত্ব তৈরি হয়েছে সু চি সরকারের। নির্বাচনে কারচুপির অভিযোগও করেছে জান্তা (বার্মিজ সেনাবাহিনী)।

বলে রাখা ভাল, ২০০৮ সালে সামরিক নজরদারিতে যে সংবিধান তৈরি হয়েছে, সেখানে পার্লামেন্টে কোনও বড় আইন রুখে দেওয়ার মতো আসন সেনাবাহিনীকে দেওয়া হয়েছে। শুধু তাই নয়, গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়গুলোও সেনাবাহিনীর হাত রয়েছে। ফলে দীর্ঘ প্রায় ৫০ বছর পর দেশটিতে গণতন্ত্র প্রতিষ্ঠা হলেও সেখানে গণতান্ত্রিক শাসন প্রতিষ্ঠা হয়নি। এরমধ্যে আবারও সামরিক শাসনের কবলে পড়ল মিয়ানমার। সূত্র: ডয়েচে ভেলে, হিন্দুস্তান টাইমস, ইন্ডিয়ান এক্সপ্রে

কুষ্টিয়া জেলা তাঁতী লীগের শীতবস্ত্র বিতরণ

কুষ্টিয়া জেলা তাঁতী লীগের সাংগঠনিক সম্পাদক মোমিনুল ইসলাম বকুলের ব্যক্তিগত উদ্যোগে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যায় শহরের বিভিন্ন এলাকায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

এ সময় কুষ্টিয়া জেলা তাঁতী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মোঃ বিপুল হোসেনেসহ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

হাড়কাঁপানো এ শীতে কম্বল হাতে পেয়ে আনন্দে উৎফুল্ল হয়ে উঠেছে কম্বল পাওয়া প্রান্তিক মানুষরা। সেই সঙ্গে কম্বল পাওয়া দরিদ্র মানুষরা এ উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন।

বামন্দী ইউনিয়নে জিয়ার গণসংযোগ

আসন্ন ৪ নং বামন্দী ইউনিয়ন পরিষদ নির্বাচনে ওয়ার্ড ভিত্তিক গণসংযোগ চালিয়ে যাচ্ছেন জিয়ারুল হক জিয়া। প্রতিদিনই কোন না কোন ওয়ার্ডের স্থানীয় নেতাকর্মীদের সাথে করছেন মতবিনিময় করছেন।

জিয়ার পদচারণায় নির্বাচনী মাঠে উত্তাপ ছড়াচ্ছে। সাড়া পড়েছে সাধারণ মানুষের মধ্যেও। জিয়াকে নিয়ে ভাবছে সব শ্রেণীর মানুষ।

গতকালও বেশ কয়েকটি ওয়ার্ডে গণসংযোগ করে সকলের সহযোগীতা কামনা করেন তিনি।

দর্শনায় ফসলের জমি ও বনজ সম্পদ নষ্ট না করে একটি সৃজনশীল মিটার স্কেল স্থাপনের দাবী কৃষকদের

ফসলের জমিতে মিটার স্কেল স্থাপন হচ্ছে। ফলে প্রায় ১০ একর ফসলের জমি ও প্রায় দেড় বিঘা জমির বনজ সম্পদ হারিয়ে যাবে। জমির মালিকদের দাবী শুধুমাত্র মিটার স্কেলের জন্য এত জমির ফসল ও বনজ সম্পদ নষ্ট করার প্রয়োজন আছে কি-না তা একবার ভেবে দেখা দরকার কর্তৃপক্ষের।

এছাড়া যে সকল মিটার স্কেল দেশে রয়েছে তার কার্যকারীতা কতটুকু আছে তা দেখার প্রয়োজন। এছাড়া দর্শনা রেলগেট সংলগ্ন বিশাল এলাকা জুড়ে মিটার স্কেল স্থাপনের কার্যক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে জমি অধিগ্রহণের জন্য সার্ভে হয়েছে। গতকাল সোমবার বনজ সমম্পদ কর্মকর্তা কি পরিমাণ বনজ সম্পদ নষ্ট হচ্ছে এবং মূল্য নিধারণের জরিপ করেছে।

এদিকে জমির ঠিক মূল্য পাওয়া নিয়ে কৃষকদের মধ্যে শঙ্কা দেখা দিয়েছে। বাপ-দাদার জমি হারিয়ে কান্নায় ভেঙ্গে পড়েন বেশ কয়েক জন কৃষক। যে মাটির গন্ধ নিয়ে তাদের দিন কেটে যেত, সেই মাটিকে হারিয়ে স্থবির হয়ে পড়েছে কৃষকরা।

সরকারের প্রতি কৃষকদের দাবী দর্শনা রেলগেট থেকে তালবাগান পর্যন্ত এত ফসলের জমি ক্ষতিগ্রস্থ না করে সড়কের দু-পাশের পড়ে থাকা জমিতে মিটার স্কেল করে ফসলি জমি রক্ষা করা যায় কিনা ভেবে দেখা। কারণ দেশের বিভিন্ন স্থানে মিটার স্কেলগুলো সত্যিকারের কার্যকারিতা আছে কি-না দেখা প্রয়োজন।

ঢাকা যাওয়া আসার পথে যুমুনা সেতুর পারাপারে ওভার লোডিং যানবহন গুলো লক্ষ্য করলে দেখবেন। সেতু পারাপারের আগে ওভার লোড কমিয়ে অন্য একটি মিনি ট্রাকে বহন করে সেতু পার হয়ে আবার পূর্বের ন্যয় ওভার লোডিং করে কর্তৃপক্ষের চোখ ফাঁকি দিয়ে চলাচল করছে বলে একজন ট্রাক ড্রাইভার এ প্রতিনিধিকে জানালেন।

এছাড়া মিটার স্কেলে ওজন করার সময় লোড কমিয়ে স্লিপ নিয়ে পুনরায়

লোডিং করে দিব্বি চলাচল করছে। দর্শনা পৌর এলাকার সড়ক পথগুলো বিভিন্ন স্থানে দেবে গেছে। এছাড়া কোথাও কোথাও পিচ উঠে সড়ক পথ ক্ষতিগ্রস্থ হচ্ছে। ফলে মিটার স্কেল স্থাপন করে ফসলের জমি নষ্ট না করে যে সকল মিটার স্কেল দেশে রয়েছে তার কার্যকারিতা রক্ষা করার দাবী করেছে এলাকাবাসী।

.

এছাড়া দর্শনা রেলগেট থেকে দর্শনা তাল বাগান পর্যন্ত সড়কের পাশে বিশাল গর্ত বা হন্দর পড়ে আছে, সেখানে ফসলেন জমি বা বনজ সম্পদ নষ্ট না করে একটি সৃজনশীল মিটার স্কেল স্থাপন করা যায় কি-না কর্তৃপক্ষের ভেবে দেখা প্রয়োজন বলে এলাকার কৃষকরা দাবী করেছেন।